

প্রেস রিলিজ

৩ মে ২০১৭

বাংলাদেশের বিচার প্রক্রিয়া নিয়ে ওয়াইসিসি সম্মেলনে আইসিএসএফ এর ৩-টি প্রবন্ধ উপস্থাপন

সম্প্রতি ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরাম (আইসিএসএফ) এর তিন সদস্যের একটি প্যানেল ষষ্ঠ ওয়াইসিসি বৈশ্বিক সম্মেলনে আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিটি-বিডি) এর বিচার প্রক্রিয়ার ওপর তিনটি প্রবন্ধ উপস্থাপন করে। তুরস্কের কচ্ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এবং আমেরিকান সোসাইটি অফ কমপ্যারেটিভ ল এর ইয়ংগার কমপ্যারেটিভিস্ট কমিটি আয়োজিত এই সম্মেলন অনুষ্ঠিত হয় এপ্রিলের ২৮ ও ২৯ তারিখে। এই সম্মেলনে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে ১০০ জনেরও বেশি আইনজ্ঞ, গবেষক ও বিশেষজ্ঞরা সামিল হয়েছিলেন।

এই সম্মেলনের উদ্দেশ্য ছিল তুলনামূলক আইনে আগ্রহী তরুণ আইনবিদদের মধ্যে প্রাসঙ্গিক বিভিন্ন ক্ষেত্রে বিশেষ আলোকপাত ও মত বিনিময়ের পরিসর তৈরী করা। কচ্ বিশ্ববিদ্যালয় আইন অনুষদের পক্ষ থেকে ড. ইসিক ওনেয় আইসিএসএফ এর বিশেষ প্যানেলটির সভাপতিত্ব করেন, যার শিরোনাম ছিল - "তুলনামূলক আইনের আঙ্গিকে বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ আদালত" - যেখানে তিনটি প্রবন্ধই ছিল বাংলাদেশে ১৯৭১ এর যুদ্ধাপরাধ বিচার প্রক্রিয়া নিয়ে।

"ভিনদেশী বিধি আমদানীর বিধান বনাম বাধ্যকতা: আইসিটি বাংলাদেশ পরিপ্রেক্ষিত" শিরোনামে প্রথম প্রবন্ধটি উপস্থাপন করেন আইসিএসএফ ট্রাস্টি ড. রায়হান রশিদ। "বাংলাদেশে মানবতার বিরুদ্ধে অপরাধের বিচার" শীর্ষক দ্বিতীয় প্রবন্ধটি উপস্থাপন করেন বার্মিংহাম বিশ্ববিদ্যালয়ের স্নাতক বাহজাদ জোয়ারদার। তৃতীয় প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের ওয়ারউইক আইন বিশ্ববিদ্যালয়ের পিএইচডি গবেষক এম সানজিব হোসেন, যার শিরোনাম ছিল - "আইসিটি বাংলাদেশে ব্যক্তির অনুপস্থিতিতে বিচারঃ আইন ও ব্যাখ্যা" এই শিরোনামে। উল্লেখ্য, আইসিএসএফ প্যানেলের তিনজন সদস্যই আমেরিকান সোসাইটি অফ কমপ্যারেটিভ ল এবং কচ্ বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত বৃত্তিতে সম্মেলনে অংশগ্রহণ করেন।

১৯৫১ সালে প্রতিষ্ঠিত আমেরিকান সোসাইটি অফ কমপ্যারেটিভ ল তুলনামূলক আইন বিষয়ে বিশ্বের প্রথম সারির সংগঠনগুলোর একটি। খ্যাতিমান আয়োজক আর বহুজাতিক এই সমাবেশে আইসিটি বাংলাদেশ এবং সার্বিক বিচার প্রক্রিয়াকে উপস্থাপন করা ছিল আইসিএসএফ এর লক্ষ্য, বিশেষ করে যখন এই বিচারের বিরোধীরা তথ্য বিভ্রাট ও বিকৃতির মাধ্যমে বিশ্বের সামনে আইসিটি বাংলাদেশকে প্রশ্নবিদ্ধ করার কাজে তৎপর। আইসিএসএফ এর তিনটি প্রবন্ধের মাধ্যমে বাংলাদেশের বিচার প্রক্রিয়া নিয়ে প্রচলিত বিভ্রান্তিগুলোর সঠিক জবাব ও গুরুত্বপূর্ণ ব্যাখ্যা তুলে ধরা হয়।

আন্তর্জাতিক অপরাধের ভিক্তিমদের ন্যায়বিচার প্রদানের লক্ষ্যে কর্মরত শিক্ষাবিদ, গবেষক, বিশেষজ্ঞ এবং কর্মীদের সমন্বয়ে গঠিত ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরাম (আইসিএসএফ) একটি স্বাধীন বৈশ্বিক নেটওয়ার্ক যা দীর্ঘদিন ধরে বাংলাদেশে সংগঠিত গণহত্যার স্বীকৃতি আদায় ও অপরাধীদের বিচারের আওতায় আনার লক্ষ্যে কাজ করে চলেছে।